যুগান্তর

তারিখ: 20 SEP 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৬

# কুয়েটে ভর্তির আবেদন শুরু

খুলনা ব্যুরো

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষের প্রথম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি পরীক্ষার আবেদন শুরু হয়েছে। সোমবার সকাল ১০টা থেকে আবেদন শুরু হয়। আগামী ২৮ সেপ্টেম্বর রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদনপত্র জমাদান চলবে। বিশ্ববিদ্যালয়ের www.kuet.ac.bd এই ওয়েবসাইটে অনলাইনে ভর্তির আবেদন ফরম পাওয়া যাবে। ভর্তি পরীক্ষা আগামী ২৮ অক্টোবর শুক্রবার সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর সোমবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের আইআইসিটি দফতরে ভর্তি পরীক্ষার আবেদনপত্র অনলাইনে পূরণ কার্যক্রমের উদ্বোধন করেন। এ সময় তিনি একজন শিক্ষার্থীর আবেদনপত্র অনলাইনে পূরণ ও সাবমিশন সম্পন্ন করেন এবং এ বিষয়ে খোঁজখবর নেন।

উদ্বোধনী অনুষ্ঠানে ভর্তি কমিটির সভাপতি ও যন্ত্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তারাপদ ভৌমিকসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আগামী ৯ অক্টোবর ভর্তি পরীক্ষায় অংশ নিতে যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।